# উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন:

| ক্র: নং | দপ্তরের নাম | বাস্তবায়িত/সম্ভাব্য কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | উপজেলা প্রকৌশলীর দপ্তর | চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণ সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এবং পিইডিপি-৪ এর আওতায় প্রাথমিক বিদ্যালয় বাউনডারী ওয়াল ও গেট নির্মাণ এবং আসবাবপত্র সরবরাহ কাজের জন্য এলজিইডির সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>এইচবিবিকরণ-৫০০ মিটার, সারফেস ড্রেন নির্মাণ-৩০০ মিটার, ড্রেনকভার/স্লাবনির্মাণ-২০০ মিটার কালভার্ট নির্মাণ ২০ টি, স্কুল, মাদরাসা মেরামত-২২টি, মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ- ৩০০ টি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ক্লাশরুমের উপকরণ সরবরাহ এবং আর্থ-সামাজিক অবকাঠামো উন্নয়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br>২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা উন্নয়ন সহায়তা তহবিল হতে ভৌত ও যোগাযোগ, কৃষি, শিক্ষা, আর্থসামাজিক উন্নয়নসহ বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের লক্ষ নির্ধারণ করা হয়েছে। উপজেলার বিভিন্ন রাস্তা নির্মাণ করা হবে।<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় কিশোরীদের বয়:সন্ধিকাল স্বাস্থ্য পরিচর্জার উপর প্রশিক্ষণ । স্বাস্থ্য সেবা প্রদানকারীদের জন্য কোভিড-১৯ আক্রান্ত রোগীর পরিচর্যা, প্রসুতিদের প্রজনন স্বাস্থ্য, ব্যক্তিগত পরিচর্জা ও কিশোর কিশোরীদের বয়:সন্ধিকালীন জটিলতার উপর প্রশিক্ষণ। মানবসম্পদ প্রাণিজ আমিষ উৎপাদনের লক্ষ্যে হাঁস খামারীদের দক্ষতা উন্নয়ন শীর্ষক প্রশিক্ষণ। আত্ম কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বেকার ও যুব ও যুব মহিলাদের মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণ। খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে আধুনিক পদ্ধতিতে মাছ চাষ সম্প্রসারণ বিষয়ক প্রশিক্ষণ। কর্মসংস্থানের লক্ষ্যে দরিদ্র ও বেকার মহিলাদের জন্য বিভিন্ন প্রকার ব্যাগ তৈরি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় পলাশবাড়ী স্বাস্থ্য কমপ্লেক্সে বহি: বিভাগের রোগীদের জন্য সেবাদান কক্ষ নির্মাণ। মরাদাতেয়া( দক্ষিণপাড়া) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণী কক্ষ নির্মাণ। পবনাপুর ইউনিয়নে নটাগাড়ী বিলের জলবদ্ধতা নিরসনে পাইপ ড্রেন- নির্মাণ ও স্থাপন। পলাশবাড়ী উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ডেস্কটপ) সরবরাহ করা হবে। | |
| ২ | উপজেলা কৃষি অফিসারের দপ্তর | ধান,গম, পাট বীজ উৎপাদন সংরক্ষণ প্রদর্শনী ভাল বীজের চাহিদা পুরণ। ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন সংরক্ষণ প্রদর্শণী মাটির স্বাস্থ্য সুরক্ষায় জৈব সার (ভার্মি-ট্রাইকো খামার জাত করণ সার) প্রদর্শণী স্থাপন। কৃষক মাঠ স্কুল স্থাপন ক্ষুদ্র আকারে ফর বাগান স্থাপন। ধানক্ষেতে পার্চিং জৈব সারের ব্যবহার আদর্শ বীজতলা স্থাপন সঠিক বয়সে চারা রোপন অনাবাদি পতিত জমি ও বসত বাড়ির আঙ্গিনায় পারিবারিক সবজি পুষ্টি বাগান স্থাপন তৈল জাতীয় ফসলের আবাদ বিশেষ করে সরিষার আবাদ বৃদ্ধি করণ মরিচ পেয়াজ তথা মসলা ফসলের বীজ উৎপাদন। ছায়াযুক্ত ও অনাবাদী পতিত জমিতে কচু আদা ফসলের আবাদ অপেক্ষাকৃত উচু বিশেষ করে নারিকেল, সুপারি গাছে স্প্রে করা পোকা দমনে আলোক ফাঁদ ব্যবহার এবং জাতীয় ইঁদুর নিধন অভিযান শুরু উদ্বুদ্ধকরণ সভা করা হবে। | |
| ৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার দপ্তর | করোনা ভাইরাস প্রতিরোধে আমরা অনেকটা সফল। কোভিট-১৯ প্রভাব বাড়তে না পারে সেজন্য আমাদের সচেতন হতে হবে। পাশাপাশি স্বাস্থ্য বিভাগের বহি: বিভাগ, অন্ত: বিভাগ ও জরুরী বিভাগের কার্যক্রম চলবে। কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রতি মাসে সাধারণ রোগিকে সেবা প্রদান করা হয়। প্রতিমাসে অন্ত: বিভাগ, জরুরী বিভাগ ও বহি: বিভাগে চিকিৎসা সেবা প্রদান করা হবে। | |
| ৪ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার দপ্তর | টিকা প্রদান: গবাদি পশু ও হাঁস মুরগীর মৃত্যুর হার কমানো ও সুস্থ রাখা। কৃত্রিম প্রজনন: গবাদি পশুর জাত উন্নয়নের মাধ্যমে উৎপাদন বাড়ানো। চিকিৎসা সেবা: গবাদি পশু ও হাঁস মুরগীর চিকিৎসার মাধ্যমে সুস্থ করা। বায়োগ্যাস পয়েন্ট স্থাপন: জ্বালানী ব্যয় কমানো। কসাই খানা স্থাপন: স্বাস্থ্য সম্মতভাবে গরু জবাই ও পরিস্কার পরিচ্ছন্ন রাখা। প্রশিক্ষণ: খামার তৈরি, গাভী পালন, গরু মোটাতাজা করণ, হাঁস-মুরগী পালনের প্রযুক্তি হস্তান্তর এবং উদ্বৃদ্ধ করণ। ঘাস উৎপাদন সম্প্রসারণ: গবাদী পশুর পুষ্টি/খাদ্যের ঘাটতি দুর করা হবে । | |

| | | | |
|---|---|---|---|
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের দপ্তর | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের আইসিটি বিষয়ে জ্ঞান, পোষ্ট প্রাইমারী শিক্ষা প্রতিষ্ঠানের শতভাগ ডাটাবেজ প্রস্তুত করণ। ঝড়ে পড়া রোধ প্রচেষ্টায় শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন জোরদার করা হয়েছে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বাল্যবিবাহ ও ইভটিজিং প্রতিরোধ কমিটি ও তদারকি করা এবং মাউশি, আঞ্চলিক কার্যালয় এবং জেলা শিক্ষা অফিস কর্তৃক বিভিন্ন সরকারি নির্দেশনা বাস্তবায়ন করা হবে। | |
| ৬ | উপজেলা শিক্ষা অফিসারের দপ্তর | বিদ্যালয় ভবন নির্মাণ, ওয়াশ ব্লক নির্মাণ, নীড বেইসড প্লেইং এক্সেসরিজ স্থাপন, স্লিপ কার্যক্রম বাস্তবায়ন বিদ্যালয়ের গেইট নির্মাণ ও বিদ্যালয় সংস্কার করা হবে। | |
| ৭ | উপজেলা মৎস্য অফিসারের দপ্তর | রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় মাছচাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান। কারিগরি পরামর্শ প্রদান। মৎস্য আইন বাস্তবায়ন জেলেদের নিবন্ধন ও পরিচয় পত্র প্রদান। | |
| ৮ | উপজেলা সমাজসেবা অফিসারের দপ্তর | সামাজিক নিরাপত্ত কর্মসূচীর আওতায় বয়স্ক ভাতা, বিধবা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ভাতা, হিজরা বিশেষ বয়স্ক ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ বয়স্ক ভাতা প্রদান করা হয়। ক্যান্সার, লিভার, সিরোসিস, স্ট্রোকে প্যারালাইসিস, কিডনি, জন্মগত হৃদরোগীদের এককালিন অনুদান প্রদান করা হবে। | |
| ৯ | উপজেলা মহিলা বিষয়ক অফিসারের দপ্তর | মহিলা বিষয়ক অধিদপ্তরে বাস্তবায়িত ভিডব্লিউবি কার্যক্রম চলছে। দুস্থ মহিলাদেরকে ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় প্রতি মাসে ৩০ কেজি হারে চাল বিতরণ করা হয়। উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্পের আওতায় দুস্থ ও অসহায় মহিলাদেরকে আত্মকর্মসংস্থান লক্ষে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় কিশোর-কিশোরী ক্লাব সমূহে কিশোর-কিশোরীদের সংগীত ও আবৃত্তি শিক্ষক দ্বারা সংগীত ও আবৃতি বিষয়ে শিক্ষা প্রদানসহ বাল্য বিবাহ ও নারী নির্যাতন বিষয়ে সচেতন করা হবে। | |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন অফিসারের দপ্তর | যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় রাজস্ব খাতে গবাদিপশু পালন, পারিবারিক হাঁসমুরগী পালন, মৎস্য চাষ, ছাগল পালন, পারিবারিক গাভী পালন, বসতবাড়ীতে সবজি চাষ, নার্সারী ফুল চাষ ও বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হবে। | |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের দপ্তর | বিআরডিবির আওতায় উদকনিক প্রকল্পের মাধ্যমে সুফলভোগীদেরকে ৬০ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়। রাজস্ব বাজেটের আওতায় সমবায়ী/সুফলভোগীদেরকে প্রশিক্ষণ প্রদান করা হবে। | |
| ১২ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) দপ্তর | ১। সমগ্রদেশ নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৬ নং অগভীর নলকূপের সংখ্যা-৩০০টি<br>২। উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয় পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সাবমার্সিবল পাম্পযুক্ত হ্যান্ড ওয়াসিং বেসিনের সংখ্যা-১৫ টি<br>৩। বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নির্মিত ওয়াশব্লক এনএনজিপিএস-৩টি<br>৪। কোভিড-১৯ মোকাবেলায় হ্যান্ড ওয়াশিং বেসিন-৩টি<br>৫। মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত ঘরে পানির উৎসের জন্য ৬ নং অগভীর নলকূপের সংখ্যা-০৩ টি প্রদান করা হবে | |
| ১৩ | বন বিভাগ | উপজেলার বিভিন্ন ইউনিয়নে বৃক্ষরোপন। | |
| ১৪ | উপজেলা সমবায় অফিসারের দপ্তর | উপজেলার বিভিন্ন সমবায় সমিতি পরিদর্শন ও নির্বাচন অনুষ্ঠান বার্ষিক অডিট কার্যক্রম পরিচালনা করতে হবে। | |

২৭/০২/২২
মোঃ কামরুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
পলাশবাড়ী,গাইবান্ধা
ফোন : ০১৭৬২-৬৯৫০৭৩
Email: unopalashbari@mopa.gov.bd

২৭/০২/২০২২
এ কে এম মোকছেদ চৌধুরী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পলাশবাড়ী,গাইবান্ধা